# আপনার ভাষায় সহায়তা প্রয়োজন?

মেয়র অফিস অব কন্ট্রাক্ট সার্ভিসেস (The Mayor's Office of Contract Services, MOCS) MOCS সার্ভিস ডেস্কের মাধ্যমে **ভাষাগত সহায়তা** প্রদান করে। MOCS সার্ভিস ডেস্ক PASSPort, HHS অ্যাক্সিলারেটর এবং ননপ্রফিটকে সহায়তা করে।


মেয়রের অফিস অব কন্ট্রাক্ট সার্ভিসেস (Mayor's Office of Contract Services, MOCS) নিম্নলিখিত ভাষাগত অ্যাক্সেস পরিষেবাগুলো প্রদান করে থাকে: (1) MOCS ওয়েবসাইট অনুবাদ এবং (2) একজন ফোন দোভাষীর জন্য অনুরোধ করে।

## 1. কিভাবে MOCS ওয়েবসাইট অনুবাদ করবেন


গুগল ক্রোম ওয়েব ব্রাউজারের জন্য অপ্টিমাইজ করা, গুগল ট্রান্সলেটের মাধ্যমে ওয়েবসাইট অনুবাদ প্রদান করা হয়। এই অনুবাদ টুলটি প্রকাশিত ইংরেজি টেক্সট এবং **Contact MOCS (কন্টাক্ট MOCS)** ফরমটিকে অনুবাদ করে ঠিকই কিন্তু এটি কোনো প্রকার ছবির অংশের মধ্যে থাকা টেক্সট অনুবাদ করে না। MOCS ওয়েবসাইটের অনুবাদ ফিচারটি সক্রিয় করতে নিচের ধাপগুলো অনুসরণ করুন:

1. MOCS ওয়েবসাইটের www.nyc.gov/mocs ঠিকানায় যান।


2. পেজের উপরে ডান কোণের **Translate (অনুবাদ করুন)** ফিচারটিতে ক্লিক করুন।



3. আপনার পছন্দের ভাষা নির্বাচন করতে যেকোনো হাইপারলিঙ্কে ক্লিক করুন।




4. এখন ওয়েবসাইটের সকল কনটেন্ট আপনার নির্বাচিত ভাষায় দেখা যাবে। এই উদাহরণে স্প্যানিশ ভাষাটি নির্বাচন করা হয়েছে। এটিকে আবারো ইংরেজিতে পরিবর্তন করতে ধাপ 1 ও 2 পুনরাবৃত্তি করুন এবং **English (ইংরেজি)** নির্বাচন করুন।




## 2. কিভাবে একজন ফোন অনুবাদকের জন্য আবেদন জানাবেন

আপনার সহায়তার প্রয়োজন হলে এবং আপনার পছন্দের ভাষায় MOCS সার্ভিস ডেস্কের সাথে যোগাযোগ করতে চাইলে আপনি একজন পেশাদার ফোন অনুবাদকের জন্য MOCS সার্ভিস ডেস্কের কাছে আবেদন জমা দিতে পারেন।

ফোনে সহায়তার জন্য একজন অনুবাদকের আবেদন জানাতে নিচের ধাপগুলো অনুসরণ করুন:


1. MOCS ওয়েবসাইটের www.nyc.gov/mocs ঠিকানায় যান।
2. পেজের উপরে **Translate (অনুবাদ করুন)** ফিচারটিতে ক্লিক করুন।





3. আপনার পছন্দের ভাষা নির্বাচন করতে যেকোনো হাইপারলিঙ্কে ক্লিক করুন।




4. এখন ওয়েবসাইটের সকল কনটেন্ট আপনার নির্বাচিত ভাষায় দেখা যাবে। এই উদাহরণে স্প্যানিশ ভাষাটি নির্বাচন করা হয়েছে। পেজের নিচে ডানদিকে অবস্থিত ভাসমান, নীল **Contact MOCS (কন্টাক্ট MOCS)** বাটনটি শনাক্ত করুন। **কন্টাক্ট MOCS** ক্লিক করুন। এই উদাহরণে, বাটনটিকে **Contacto MOCS** পড়া হয় কারণ ওয়েবসাইটটি স্বয়ংক্রিয়ভাবে বোতাম লেবেলটিকে স্প্যানিশ ভাষায় অনুবাদ করেছে।




5. **কন্টাক্ট MOCS** ফরম খুলে যাবে। আপনার যোগাযোগের তথ্য দিয়ে ফরমের ঘরগুলো পূরণ করুন এবং আপনি কোন সংস্থার সাথে যুক্ত আছেন তা চিহ্নিত করুন।



প্রয়োজনীয় সকল ঘর পূরণ করুন। **আপনার অনুসন্ধান কী বিষয়ক?** অনুগ্রহ করে ড্রপ-ডাউন মেনু থেকে নির্বাচন করুন এবং **প্রশ্ন/অনুসন্ধানের সারাংশ** এর ঘরে লিখুন "**[আপনার ভাষায়] সাহায্য প্রয়োজন**।" এই উদাহরণে, আমরা স্প্যানিশ ভাষায় সাহায্যের জন্য অনুরোধ করি।




6. ফরমের বোতামের অংশটি দেখার জন্য স্ক্রলবারটি ব্যবহার করুন।




7. টেক্সট বক্সে **নিচে আপনার উদ্বেগগুলো বর্ণনা করুন (অনুগ্রহ করে উল্লেখ করুন)**, MOCS-এর নিকট আপনার যেসব সহায়তা প্রয়োজন সেগুলোর বিস্তারিত বিবরণ শেয়ার করুন যাতে MOCS একটি ফোন কলের আগেই ব্যাখ্যা করার জন্য বিষয়বস্তু সহ অনুবাদক পরিষেবা প্রস্তুত করতে পারে।

8. ঐচ্ছিক: আপনার উদ্বেগের বিষয় সম্পর্কে আরো বিস্তারিত জানিয়ে একটি ইমেজ ফাইল জমা দিতে **ফাইল নির্বাচন করুন** এ ক্লিক করুন। MOCS সার্ভিস ডেস্কে বিস্তারিত তথ্য জানাতে স্ক্রিনশটগুলো একটি দারুণ উপায়।

9. **আপনার কন্টাক্ট ই-মেইলের** ঘরে আপনার ইমেইল ঠিকানা লিখুন।

10. ভাষাগত সহায়তার জন্য MOCS সার্ভিস ডেস্কে আপনার অনুরোধ সম্পূর্ণ করতে **পাঠান** এ ক্লিক করুন।

ফোন অনুবাদক পরিষেবার সাথে একটি কলের সময় নির্ধারণের জন্য আপনার দেওয়া ইমেইল ঠিকানায় MOCS সার্ভিস ডেস্ক দলের একজন সদস্য আপনার সাথে যোগাযোগ করবেন।



NYC Mayor's Office of Contract Services